



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪৬

স্বরাষ্ট্র মন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২৮ ভাদ্র (১২ সেপ্টেম্বর):

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি আগামীকাল মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর) একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি বিমানযোগে সকাল পৌনে নয়টায় রাজশাহী এসে পৌঁছবেন।

সফরসূচি অনুযায়ী, মন্ত্রী এদিন সকাল দশটা কুড়ি মিনিটে রাজশাহী পুলিশ লাইন্সে 'পুলিশ মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর' রাজশাহী এর উদ্বোধন করবেন। পরে সাড়ে দশটায় 'মুক্তিযুদ্ধে রাজশাহী পুলিশ' বইয়ের মোড়ক উন্মোচন এবং শহিদ পুলিশ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে যোগ দিবেন।

স্বরাষ্ট্র মন্ত্রী সকাল পৌনে এগারোটায় মাদক ও জঙ্গিবিরোধী সমাবেশে অংশগ্রহণ করবেন। তিনি বিকাল তিনটায় বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির বিশেষ সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন।

এদিন সন্ধ্যায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদ/তাজকিয়া/রুহুল/রোকন/হালিম/২০২২/১৩.২০ঘ.